

## চার বছর পর অবশেষে নতুন কমিটি হচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগের কমিটি গঠন নিয়ে ব্যাপক উদ্দীপনা

কাজী সাইফুদ্দিন অতি: দীর্ঘ সাড়ে ৪ বছর পর রাজধানীর অন্যতম প্রাচীন ও সংগ্রামের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রলীগের কমিটি গঠনকে কেন্দ্র করে নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহউদ্দীপনার সৃষ্টি হয়েছে। আগামী ১৩ জানুয়ারি সংশ্লিষ্ট সম্মেলন শেষে নতুন কমিটি ঘোষণা করার কথা রয়েছে।

এই কমিটি গঠনকে সামনে রেখে নেতৃত্ব লাভের আশায় নেতাকর্মীদের মধ্যে গুরু হয়েছে ব্যাপক প্রশিক্ষণ। সবার দৃষ্টি কাঙ্ক্ষিত পদটির দিকে। কলেজ ছাত্রলীগের নেতাকর্মীদের দৃষ্টি এখন নতুন কমিটিতে করা আসছেন। সংশ্লিষ্ট উপলক্ষে ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যালয় প্রতিদিন জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের নেতাকর্মীদের পড়াচারগায় মুকর হয়ে উঠলেও কলেজ ক্যাম্পাসে নেতাকর্মীদের তেমন একটা দেখা যায় না। তারা সবাই এখন মাঠ ছেড়ে ঘাটে অবস্থান করছেন। গত দুদিন

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগের

● শেখের পাতার পর  
কলেজ ক্যাম্পাস ঘুরে এই চিত্রই দেখা গেছে। তবে মাঠ পর্যায়ের নেতাকর্মীদের দাবি নতুন কমিটি নিয়মিত এবং অবিবাহিত ছাত্রদের প্রাধান্য দিয়ে সরকারবিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এমন নেতাকর্মীদের হাতে সংগঠনের দায়িত্ব দেওয়া হোক।

ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি গঠনের পর ১৯৯৮ সালের অক্টোবর মাসে দেশব্যাপী বিধাসভা সভাপতি এবং গোলাম ফারুক ষপনকে সাধারণ সম্পাদক করে নতুন কমিটি গঠন করার পর দীর্ঘ ৪ বছর অতিবাহিত হলেও প্রশিক্ষণ-এর কারণে বারবার কমিটি গঠনের উদ্যোগ নিলেও শেষ পর্যন্ত ছাত্রলীগের সাবেক সভাপতি বাহাদুর শেখরী ও সাধারণ সম্পাদক অজয়কর খোকন কমিটি গঠনে ব্যর্থ হয়েছেন বলে ছাত্রলীগ সূত্রে জানা গেছে।

এমনকি দেশব্যাপী ষপন দীর্ঘ ৪ বছরেও কমিটি পূর্ণায় করেননি বলে অভিযোগ রয়েছে। তারা যে পদগুলো পূরণ করেছেন তাতে আঞ্চলিকতা এবং নিজ এলাকার কর্মীদের স্থান দিতে গিয়ে অনেক ত্যাগী ও মাঠ পর্যায়ের পরীক্ষিত নেতাকর্মীদের বাদ দিয়েছেন। তাই এ বছর সভাপতি ও সাধারণ সম্পাদকসহ পূর্ণায় কমিটি একই সঙ্গে ঘোষণা দেওয়ার দাবি জানিয়েছেন কলেজের মাঠ পর্যায়ের নেতাকর্মীরা। সকলের একই দাবি সরকারবিরোধী আন্দোলনে যারা ভূমিকা রাখতে পারবে তাদের নিয়ে যেন কমিটি গঠন করা হয়। কে হচ্ছে নতুন কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক তা এখন জগন্নাথ কলেজ কেন্দ্রীয় সংগঠন কার্যালয় সর্বত্রই আলোচিত হচ্ছে।

শিয়াকত শিকদার এবং নজরুল ইসলাম বাবু কারাগারে থাকা অবস্থায় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ার পর তারা কারাগারে থাকা অবস্থায় রাজধানীর বিভিন্ন কলেজের কমিটি গঠন হলেও জগন্নাথ কলেজের কমিটি হয়নি। এ সময় ভারপ্রাপ্ত সভাপতি মাক্কা আক্তার পপি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর একবার সংশ্লিষ্টের তারিখ নির্ধারণ করলেও শেষ পর্যন্ত তা ভগ্নিত করা হয়।

নতুন কমিটি গঠনকে সামনে রেখে নেতৃত্ব লাভের আশায় কলেজের নেতাকর্মীরা আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাদের কাছে ধরনা দিয়েছেন। সবাই এখন বাস্তব হয়ে পড়েছেন লবিং আর প্রশিক্ষণ নিয়ে। তবে নতুন কমিটিতে সভাপতি প্রার্থী হিসেবে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন, মোঃ মহসীন, মহিউদ্দীন, দিদারুল আলম, সুবল চন্দ্র দেবনাথ, নজরুল ইসলাম, দেলোয়ার হোসেন। সাধারণ সম্পাদক প্রার্থীদের মধ্যে রয়েছেন, মৃগাল কান্তি মল্লিকদার, ইকবাল মীর্জা শাসীম কামরুজ্জামান রিপন, সাঈদ হোসেন, মিস্টার, বসক। সাংগঠনিক সম্পাদক পদে যাদের নাম শোনা যাচ্ছে তার মধ্যে রয়েছেন কামাল হোসেন, নয়ন চক্রবর্তী, জাকির হোসেন, এ কে এম ওহিদুর রহমান, মিলান, নবির এবং পার্শ্ব।

এর মধ্যে মাঠ পর্যায়ের নেতাকর্মীদের মধ্যে সভাপতি হিসেবে বর্তমান কমিটি

নির্ধারণ সহসভাপতি মোঃ মহসীন এবং সাধারণ সম্পাদক প্রার্থী হিসেবে বর্তমান কমিটির যুগ্ম সম্পাদক মৃগাল কান্তি মল্লিকদার এবং প্রচার সম্পাদক কামরুজ্জামান রিপনের গ্রহণযোগ্যতা অধিক। অন্যান্য গুরুত্বপূর্ণ পদে যারা আসতে পারেন তাদের মধ্যে রয়েছে, শাহাদৎ হোসেন, অশোক তালুকদার পিটন, জাহিদ, সেলিম, মাস্নান, মাসুদ, সোহাগ, জসীম কুইয়া, আকতার, বেলাল, ইয়ার মুন্সী, মতিন, শফিক, শাকিল মাস্নান বুলবুল প্রমুখ।

৪১ সদস্যবিশিষ্ট বর্তমান কমিটিকে ১০১ সদস্যে উন্নীত করা হবে। এর মধ্যে ১টি যুগ্ম সাধারণ সম্পাদকের বদলে ৫টি এবং ১টি সাংগঠনিক সম্পাদকের বদলে ৫টি সাংগঠনিক সম্পাদকের পদ সৃষ্টি করা হবে বলে ছাত্রলীগ সূত্রে জানিয়েছে।